



युनाइटेड बैंक ऑफ इंडिया

भारत सरकार का एक उपकरण
आपका बैंक



United Bank of India

(A Govt. of India Undertaking)

The Bank that begins with U

Visit our website : www.unitedbankofindia.com Toll-free Helpline : 1800 345 0345

প্রধান মন্ত্রী জন ধন যোজনা

বেসিক সেভিংস ব্যাঙ্ক এ্যাকাউন্ট

আমার কেন খোলা উচিত।

- ব্যাঙ্কে আপনার গচ্ছিত টাকা সুরক্ষিত থাকবে।
- ব্যাঙ্ক এ্যাকাউন্টে আপনার সঞ্চিত ধনরাশির উপর সুদ পাবেন।
- আপনি যে কোনো সময় যে কোনো জায়গায় টাকা তোলার সুবিধা পাবেন এবং প্রয়োজন মতো এই সুবিধা ব্যবহার করতে পারবেন।
- আপনি একাউন্ট খোলার পর অন্যান্য পরিষেবা যেমন ঝণের সুবিধা, জমা করার সুবিধা ইত্যাদি পেতে থাকবেন।

বেসিক সেভিংস ব্যাঙ্ক একাউন্ট খেলার কি কি সুবিধে।

- বেসিক সেভিংস ব্যাঙ্ক একাউন্ট খেলার জন্যে কোনো ধনরাশির প্রয়োজন নেই। আপনার সুবিধে মতো, এই এ্যাকাউন্টে টাকা জমা ও তোলার সুবিধে রয়েছে।
- এই একাউন্টে কোনো প্রকার শুল্ক ধার্য্য করা হয় না।

আমি কি ভাবে আমার এটিএম/ডেবিট রুপে কার্ড ব্যবহার করব।

- এ্যাকাউন্ট খেলার সময়ে আপনাকে একটি এটিএম/ডেবিট রুপে কার্ড দেওয়া হবে। এর সাহায্যে যে কোনো ব্যাঙ্কের এটিএম মেশিন থেকে সাতদিন ২৪ ঘন্টা আপনি টাকা তোলার সুযোগ পাবেন। এভাবে আপনার গচ্ছিত টাকা সর্বদাই আপনার কাছে থাকবে।
- আপনার এই ডেবিট কার্ড যে কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানে/ যেকোনো জিনিসপত্র কেনার সময় অথবা পরিষেবা নেবার সময়ে ব্যবহার করতে পারবেন।
- এছাড়াও এই ডেবিট কার্ডে ১ লক্ষ টাকা পর্যন্ত দুর্ঘটনা বীমা পরিষেবা অবধারিতভাবে নিঃশুল্ক সুবিধা পাবেন।

এই এ্যাকাউন্টে আর কি কি অন্য সুবিধা পাওয়া যাবে।

- সন্তোষজনক ভাবে ছয় মাস এই এ্যাকাউন্ট চালানোর পর ব্যাঙ্ক স্বত্পনে দিত হয়ে ১০০০ টাকা ওভার ড্রাফ্ট সুবিধে দেবে। আপনি

এই ওভারড্রাফ্ট এ্যাকাউন্টে নিয়মিত সুদ জমা ও লেনদেন চালালে
এই ওভারড্রাফ্ট সুবিধে ৫০০০ টাকা পর্যন্ত বাড়ানো হতে পারে।

এ্যাকাউন্ট খেলার পর অন্যান্য আর কি কি পরিষেবা পাওয়া যাবে।

- স্থায়ী ও আবর্তী জমা খাতা খোলার সুযোগ।
- কিসান ক্রেডিট কার্ড।
- কৃষি ঝণ, কৃষি উপকরণ কেনার জন্যে ঝণ, যেমন ট্রাক্টর লোন,
পাম্পসেট এর জন্য ঝণ ইত্যাদি পাওয়ার সুবিধে।
- বিভিন্ন এ্যাকাউন্টে অথবা জায়গায় অর্থ প্রেরণের সুবিধা।

আমি কি আমার এই সেভিংস এ্যাকাউন্টে আধার নম্বর যোগ করতে
পারবো।

নিশ্চয়, আপনি আপনার এই এ্যাকাউন্টে আধার নম্বর সংযোজিত
করতে পারেন এবং আধার ভিত্তিক সরকারী অনুদান যেমন
বৃদ্ধাবস্থা/বিকলাংগ/বিধবা পেনশন, বিভিন্ন প্রকার ছাত্র বৃত্তি, মনরেগা
মজুরি, ইত্যাদি সরাসরি আপনার ব্যাঙ্ক এ্যাকাউন্টে আধার ভিত্তিক
পরিষেবা হিসেবে বিভিন্ন সরকারী বিভাগ থেকে জমা হয়ে যাবে।

সামাজিক সুরক্ষা পাবার জন্যে আপনার আধার নম্বর একই সাথে
ব্যাঙ্ক একাউন্ট এবং সুরক্ষা/অনুদান প্রদানকারী সরকারী বিভাগের
সাথে পঞ্জীকৃত করতে হবে।

এ্যাকাউন্ট খোলার জন্যে আমাকে কি কি দলিল/কাগজপত্র জমা
করতে হবে।

এ্যাকাউন্ট খোলা এক সহজ পদ্ধতি মাত্র। আপনি যে কোনো
দলিল, যাতে ফটোসহ আপনার ব্যক্তিগত পরিচিতি এবং ঠিকানা প্রমাণ
পত্র পাওয়া যায় যেমন ভোটার কার্ড, নারেগা জব কার্ড, ড্রাইভিং
লাইসেন্স, পাসপোর্ট, টেলিফোন বিল, ইলেক্ট্রিক বিল, আধার কার্ড,
পঞ্চায়েৎ থেকে পাওয়া প্রমাণপত্র ইত্যাদির যে কোনো একটি সহযোগে
আপনার একাউন্ট খুলতে পারেন।

“আমুন অবৱা অবাঙ্গ বিলে ব্যাঙ্গ অ্যাবণডন্ট
খুলি এবং দারিদ্র্যবেশ নির্গুল বঞ্চি।”